১০৭

দৈনিক ইনকিলাব

তারিখ 13 AUG 1997
পৃষ্ঠা ৪ কলাম ৫

## ভিসির নির্দেশে মধ্যরাতে ২০ ছাত্র দল কর্মীকে সূর্যসেন হল থেকে বের করে দেয়া হয়েছে

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের সূর্যসেন হলে অবস্থানকারী অন্য হলের ২০ জন ছাত্র দল নেতা-কর্মীকে গত মধ্যরাতে হল থেকে বের করে দেয়া হয়েছে। গত রাত ১১টার পর ভিসি তাদেরকে বের করে দেয়ার নির্দেশ দেন। ছাত্র লীগ নিয়ন্ত্রিত হলগুলো থেকে বিতাড়িত এ ২০ জন ছাত্র দল কর্মী ছাত্র দল-ছাত্র লীগ সমঝোতা চুক্তি অনুযায়ী সূর্যসেন হলে অবস্থান করছিল। গত রাতে এক আদেশে ভিসি বলেন, যেহেতু এই ছাত্রদের হলগুলোতে বৈধ ছাত্রদের কর্তৃপক্ষ তুলে দিয়েছে, তাই তাদের নিজ নিজ হলে ফিরে যেতে হবে। এই ঘটনায় ক্ষোভ প্রকাশ করে ছাত্র দল সভাপতি শহীদ উদ্দীন চৌধুরী এ্যানি বলেন, এতে প্রমাণিত হয়েছে যে, কর্তৃপক্ষ এই ২০ জনকে সূর্যসেন হল থেকে সরাতেই এত প্রহসনের আশ্রয় নিয়েছে।